

সিরাজগঞ্জে ৪৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য

■ মাহমুদুল কবির, সিরাজগঞ্জ প্রতিনিধি

সিরাজগঞ্জে সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষক সংকটের কারণে লিখাপড়া ব্যাহত হচ্ছে। সিরাজগঞ্জ সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, সিরাজগঞ্জ সদর উপজেলায় ২৪০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে সেপ্টেম্বর ২০১৫ পর্যন্ত ৪৮টি প্রধান শিক্ষক এবং ১১২টি সহকারী শিক্ষকের পদ খালি রয়েছে। এতে করে সংশ্লিষ্ট স্কুলগুলোতে শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। শিক্ষক পদগুলো পূরণের জন্য সংশ্লিষ্ট অধিদপ্তরে জানানো হলেও এখন পর্যন্ত পদগুলো পূরণের উদ্যোগ নেয়া হয়নি।

এছাড়া সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসে একজন কম্পিউটার অপারেটরকে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে বদলি করার উক্ত অফিসের দাপ্তরিক কাজ চরমভাবে ব্যাহত হবার আশঙ্কা দেখা দিয়েছে।

এ ব্যাপারে সিরাজগঞ্জ সদর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ আব্দুস ছালেক শিক্ষাকার্যক্রম ব্যাহত হবার কথা স্বীকার করে বলেন, এই সংকট সমাধানের জন্য ৬ মাস আগে পদোন্নতির জন্য ১০০ জনের তালিকা তৈরি করে অধিদপ্তরে পাঠানো হয়েছিল কিন্তু এখন পর্যন্ত কোন পদক্ষেপ নেয়া হয়নি। সম্প্রতি পদোন্নতির জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে একটি চিঠি এসেছে। এতে অতিসত্তর এই সমস্যা সমাধান হবে এবং নতুন সহকারী শিক্ষক নিয়োগপ্রাপ্ত হলে উক্ত সহকারী শিক্ষক পদগুলোও পূরণ সম্ভব হবে। তবে তিনি বলেন, সম্প্রতি আমার অফিসের একজন মাত্র কম্পিউটার অপারেটরকে জেলা শিক্ষা প্রাথমিক অফিস ডেপুটিশনে নেয়ায় উক্ত অফিসের কাজ ব্যাহত হচ্ছে। এ ব্যাপারে দ্রুত পদক্ষেপ জরুরি বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।